বাসাইল পৌরসভা কার্যালয়
বাসাইল, টাঙ্গাইল।

একটি বিশেষ ঘোষণা

এতদ্বারা বাসাইল পৌর এলাকাবাসীকে জানানো যাচ্ছে যে, সরকারের সামাজিক নিরাপত্তা কার্যক্রমের আওতায় ২০২৫-২০২৬ অর্থবছরে বয়স্ক ভাতা, বিধবা ও স্বামী নিগৃহীতা ভাতা, প্রতিবন্ধী ভাতা, প্রতিবন্ধী শিক্ষার্থীদের জন্য শিক্ষা উপবৃত্তি, হিজরা, বেদে, অনগ্রসর ও চা-শ্রমিকদের ভাতা ও উপবৃত্তির সুবিধাভোগী বাছাইয়ের নিমিত্ত অনলাইন আবেদন গ্রহণ কার্যক্রম শুরু হয়েছে। যা আগামী ০৬ নভেম্বর ২০২৫, তারিখ পর্যন্ত চলবে।

আবেদনকারীদের মধ্যে প্রতিবন্ধী ভাতার ক্ষেত্রে অবশ্যই সুবর্ণ নাগরিক কার্ড থাকতে হবে। আবেদনকারীদের নিজ জাতীয় পরিচয়পত্র দিয়ে নিবন্ধিত সক্রিয় সিম এর মোবাইল ফাইন্যান্সিয়াল সার্ভিস ও ব্যাংক হিসাব নম্বর প্রদান করতে হবে। আবেদনকারী অন্য কোনো সরকারি সুবিধা নিয়মিত পেয়ে থাকলে তিনি এ সুবিধার জন্য বিবেচিত হবেন না। পূর্বে করা অনলাইনের আবেদন অপেক্ষমান তালিকায় থাকলে পুনরায় আবেদন করার প্রয়োজন নেই। চূড়ান্তভাবে নির্বাচিত উপকারভোগীগণ আগামী ০১ জুলাই ২০২৫, থেকে ভাতা প্রাপ্য হবেন।

বিস্তারিত তথ্য জানার জন্য বাসাইল পৌরসভা কার্যালয়ে যোগাযোগ করার জন্য অনুরোধ করা হলো।

অনুরোধক্রমে

২৬-১০-২৫

(মোছাঃ আকলিমা বেগম)
প্রশাসক
বাসাইল পৌরসভা
টাঙ্গাইল।